

দৈনিক  
**জনকণ্ঠ**


ঢাকা ॥ বৃহস্পতিবার  
২৮ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ  
১২ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**বারিতে যুক্তরাষ্ট্রের  
আন্তর্জাতিক উন্নয়ন  
সংস্থার প্রধান  
বিজ্ঞানী**

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥  
যুক্তরাষ্ট্রের ইউনাইটেড স্টেটস  
এজেন্সি ফর ইন্টারন্যাশনাল  
ডেভেলপমেন্টের (ইউএসআইডি)  
প্রধান বিজ্ঞানী ড. রবার্ট বেরট্রামের  
নেতৃত্বে ৫ সদস্যের একটি  
প্রতিনিধি দল বুধবার গাজীপুর  
বাংলাদেশ কৃষি গবেষণা  
ইনস্টিটিউট (বারি) পরিদর্শন  
করেছে। প্রতিনিধি দলে রয়েছেন  
ফিড দ্য ফিউচারের পরিচালক জন  
স্মিথ-স্ট্রীন, ইউএসআইডি  
বাংলাদেশের খাদ্য নিরাপত্তা ও  
কৃষিনীতি বিষয়ক জ্যেষ্ঠ উপদেষ্টা  
ড. শহিদুর রহমান ভূঁইয়া, ফিড দি  
ফিউচার বায়োটেকের (পট্যাটো  
এবং এগপ্ল্যান্ট) বাংলাদেশ  
সমন্বয়কারী ড. জাহাঙ্গীর হোসেন  
এবং ইউএসআইডির অফিস অব  
দ্য ইকোনমিক গ্রোথের প্রতিনিধি  
মুহাম্মদ নূরুজ্জামান।

# আত্রাকিত বাংলাদেশ

ঢাকা, বুধসপ্তাহবার ১২ সেপ্টেম্বর ২০১৯



## যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার প্রধান বিজ্ঞানীর বারি পরিদর্শন

যুক্তরাষ্ট্রের ইউনাইটেড স্টেটস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্টের (ইউএসআইডি) প্রধান বিজ্ঞানী ড. রবার্ট বেরট্রামের নেতৃত্বে পাঁচ সদস্যের প্রতিনিধি দল বুধবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেছে। তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আজাদ। এ সময় অন্যদের মধ্যে ইনস্টিটিউটের পরিচালক (গবেষণা) ড. মো. আবদুল ওহাব এবং মহাপরিচালক দপ্তরের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. দিলোয়ার আহমদ চৌধুরী উপস্থিত ছিলেন। প্রতিনিধি দলে ছিলেন বাংলাদেশের খাদ্য নিরাপত্তা ও কৃষিনিতিবিষয়ক জ্যেষ্ঠ উপদেষ্টা ড. শহিদুর রহমান ভূঁইয়া, ফিড দ্য ফিউচার বায়োটেকের বাংলাদেশ সমন্বয়কারী ড. মো. জাহাঙ্গীর হোসেন এবং ইউএসআইডির অফিস অব দ্য ইকোনমিক গ্রোথের প্রতিনিধি মুহাম্মদ নুরুজ্জামান। সংবাদ বিজ্ঞপ্তি

